হৃদয় জানালা

মানব জীবনের মূল কথাটাই হচ্ছে ভালোবাসা। নানা অভিব্যক্তিতে ভালোবাসার প্রকাশ ঘটে থাকে। নিরন্তর ভালোবাসতে পারাটাই যেনো বেঁচে থাকার সোপান। চাই না বাঁচতে আমি প্রেমহীন হাজার বছর। আপনার অনেক অব্যক্ত কথা হৃদয় জানালার পাতায় লিখুন। খুলে দিন অবরুদ্ধ কষ্টের দুয়ার। ভালোবাসার মানুষটিকে গভীরভাবে কাছের করে নিন...

কষ্ট নেবে কষ্ট...

সাপ্তাহিক ২০০০-এর ১১তম সংখ্যায় সিঙ্গাপুরের মামুনের লেখাটি পড়ে ভালো লাগলো। নারীর প্রতি তার ভালোবাসা, নারীর বেদনা, সভ্যতার পলে পলে জন্মানো নারীর হাহাকার, পুরুষতান্ত্রিক সমাজ ব্যবস্থায় তাদের অসহায়ত্ব ফুটে উঠেছে লেখায়। মামুনের মতো আমিও ভালোবাসি নারীকে। বিশ্বাস করি, তাদেরকে ছাড়া আমরা অসহায়। ডিপার্টমেন্টে শত মানুষের ভিড়ে প্রায়ই খুঁজে ফিরি ভালোলাগার প্রিয় মানুষটিকে। দেখতে না পেলে কষ্ট হয়। ছুটিতে বাড়ি গেলে ফিরে পাই মায়ের অকৃত্রিম আদর, ভালোবাসা– যার তুলনা পৃথিবীতে নেই। নারীই দিতে পারে শান্তি, সুখ, ভালোবাসা। আবার কষ্ট পাই, নিঃশ্বাস বন্ধ হয়ে আসে যখন দেখি, এই মমতাময়ীদেরই একটি অংশের জন্য খুন হয় বড় অফিসার, পরকীয়ার জন্য বলি হয় ছোট শিশু সন্তান। প্রকৃতই ভালোবেসে প্রিয় বন্ধুটি হয়ে পড়ে নেশাগ্রস্ত, উন্মাদ। কি জানি হয়তো বা এটা আমাদেরই পাপের ফল, প্রায়শ্চিত্ত। যুগ যুগ ধরে তাদের ওপর যে অত্যাচার-নির্যাতন চলছে, মাঝে মধ্যে হয়তো তারই প্রতিবাদ করছে তাদেরই একটি অংশ। কিন্তু সেই প্রতিবাদ কি এরূপ হওয়া উচিত? প্রশ্ন মামুন ও সমগ্র নারী জাতির কাছেই।

শোয়েব আহমদ
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা

ভালোবাসার ভাষা

প্রিয়া, সারাদিন মুষলধারে বৃষ্টি হওয়ার পর আকাশ যখন ক্লান্ত হয়ে পড়েছিলো, যখন রাতের আকাশে রূপালী চাঁদ আর বাগানে ফুটে থাকা লাল গোলাপ তাদের ভালোবাসার কথা বলছিলো কানে কানে। আর কর্মক্লান্ত শরীর নিয়ে চড়ুই দম্পতি যখন নীড়ে ফিরে ভালোবাসার গোপন অভিসারে মত্ত ছিল, ঠিক তখনই তুমি আমাকে জানিয়েছিলে তোমার ভালোবাসার কথা। আমায় উজাড় করে দিয়েছিলে তোমার মনের সমস্ত প্রেম আর বাঁধভাঙা ভালোবাসায়। যে কথাটি শোনার জন্য এতো মুহূর্ত, এতোদিন আর এতটা বসন্ত নীরবে পার করে দিয়েছি, জ্যোৎস্না শোভিত সে রূপালী রাতে তুমি মুখ ফুটে বলেছিলে সেই প্রিয় কথাটি– 'আমি তোমার, তুমি আমার, আর কারও নও।' প্রিয়া, ভালোবাসলে অনেক বাধা আসে। কেউ যখন তার মনের মানুষকে একান্ত আপন করে পেতে চায় তখনই দেখা দেয় বিপত্তি, শুরু হয় সস্তা আভিজাত্যের হিসাব-নিকাশ। কিন্তু জেনে রেখো প্রিয়তমা, তুমি-আমি এসবের অনেক ঊর্ধ্বে! কারণ, তোমার আমার জীবনবীণা এক তারেতেই বাঁধা। তুমি আর আমি দুটি দেহ, এক প্রাণ, একসত্তা, যেখানে নেই কোনো লোভ-লিপ্সা; আছে শুধু নিঃস্বার্থ ও নির্ভেজাল ভালোবাসা।

মুহাম্মদ আবদুর রহমান রাশেদ, চৌধুরী ম্যানশন
পশ্চিম বাকলিয়া, চকবাজার, চট্টগ্রাম-৪২০৩

অনামিকা প্লিজ

সাগরের উত্তাল ঊর্মি যেভাবে একের পর, এক বয়ে যায়, ঠিক তেমনি আমার লেখনীর মধ্য দিয়ে ছড়িয়ে দিলাম তোমার প্রতি আমার অকৃত্রিম ভালোবাসা। তুমি যখন তাকিয়ে ছিলে, তখন মনে হলো আকাশের চাঁদ হাতে পেয়েছি। হাইড্রোজেন ও অক্সিজেন মিলে যেমন পানি হয় তেমনি তুমি ও আমি মিলে একটি জীবন। অনামিকা তুমি নিশ্চয়ই বনিত্রএম-এর At the side of the river গানটি শুনে থাকবে।

নদীর পাড়ে একটি ছোট্ট ঘর–
সেই ঘরে আমি আর তুমি!
চারদিকে ঘন অন্ধকার
যেন এখনই বৃষ্টি হবে।
নদীর পানির শব্দ শোনা যাচ্ছে আর...!
অনেক দিন আগের কথা–
নিশ্চয়ই তোমার মনে আছে।
তুমি আমায় বলেছিলে ভালোবাসা দেবে
কিন্তু কতটুকু দেবে তা বলোনি।
আমি তোমার সবটুকু ভালোবাসা চাই– সবটুকু!
তোমার ঐ চোখ দুটো আমার কল্পনায় ভাসে।
আমি তোমার অপেক্ষা করছি–
চলে এসো।
আকাশের তারার মতো জ্বল জ্বল করে তোমার দু'চোখ
সেই চোখের দিকে তাকালে আমি আর স্বাভাবিক থাকতে পারি না।
এটা কি স্বাভাবিক না
আমার অস্বাভাবিকতা?
সুন্দরকে সুন্দর বললে তো
দোষ হবার কথা নয়,
তুমি আমার অন্যরকম সুন্দর।

অনামিকা তুমি কি আমাকে চিনছো? যশোরের অনামিকার দৃষ্টি আর্কষণ করছি। অনামিকা তুমি কি ধরা দেবে প্লিজ!

রোল-০৩, ফাস্ট ইয়ার, সেকশন-এ
টেক্সটাইল ইনস্টিটিউট, সিএন্ডবি, রোড
বরিশাল-৮২০০

চিরকুট

হরলিক্‌স-সাপ্তাহিক ২০০০ কুইজ প্রতিযোগিতায় অংশ নিয়ে জিতে নিন

ঢাকা-কলকাতা-ঢাকা ৩টি বিমান টিকেট, রঙিন টেলিভিশন, রেফ্রিজারেটর

এবং...

বি স্তা রি ত দে খু ন ৫৪ ও ৫৫ পৃ ষ্ঠা য়

একজন বনলতা সেন

'হাজার বছর ধরে আমি পথ হাঁটিতেছি পৃথিবীর পথে সিংহল সমুদ্র থেকে নিশীথের অন্ধকারে মালয় সাগরে...' তবুও পাইনি একজন বনলতা সেন। জীবনানন্দের বনলতা নয়, এ যুগের একজন ভদ্র, রুচিশীল, সংস্কৃতিমনা কিন্তু অপসংস্কৃতি এবং অতি আধুনিকতার ঘোর বিরোধী এমন একজন সুমিষ্ট বনলতা সেনকে খুঁজছি।

সৌরভ, বক্স নম্বর ১৮৯, সাপ্তাহিক ২০০০, ৯৬/৯৭ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০, ই- মেইল : remo@bdchat.com

ভুলে থাকুন

কে যেন বলেছিলো
তরল, নিজেই অস্তিত্বহীন
যেখানে যেমন, সেখানে তেমনই
... তরল আর নারী।
হ্যাঁ তারা অভিন্ন আর একই
পেছনে ছোটা বন্ধ করে
সামনে হাঁটো,
পেছন ফিরে দেখবে
আসছে ওরা নানা মডেলের বেশে।

এম. চৌধুরী, পিপলস বুক এজেন্সী, চট্টগ্রাম নতুন রেল স্টেশন, চট্টগ্রাম E-mail : moumita@abnetbd.com

সুন্দর মন চাই

সুন্দর মন চাই। চাই প্রগতিশীল হাসি-খুশি এজন মুক্তমনের নারী। এমন একজন যার সঙ্গে শেয়ার করতে পারবো সব কিছু। আমার শখ–পত্রমিতালী, গান শোনা, ভ্রমণ ইত্যাদি। বয়স ২২। আছে কি কেউ এমন উদারমনের বন্ধুত্বে আগ্রহী? যে কোনো বয়সের এবং যে কোনো ধর্মের মেয়ে/মহিলারা লিখতে পারেন। উত্তরের নিশ্চয়তা ১০০%।

জয়, ২৩১, এফ রহমান হল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, E-mail : aujamil@yahoo.com

অর্পাকে বলছি

হ্যাঁ, আপনার দু'টি চিঠিই পেয়েছি। কিন্তু আপনি আপনার যোগাযোগের ঠিকানা দেননি। আমি আপনার সঙ্গে সত্যিকারের সম্পর্ক করতে চাই। আপনি যদি আমাকে সত্যিই আজীবনের জন্য বন্ধু হিসেবে গ্রহণ করতে চান তবে আপনার ছবিসহ পূর্ণ বিবরণ দিয়ে আমাকে লিখুন। আপনি সরাসরি আমার ঠিকানায় লিখুন। আপনি যদি অনুমতি দেন বা আপনার কোনো সমস্যা না থাকে তবে আমি আপনার সঙ্গে সাক্ষাৎ করতে চাই। ছবিসহ রেজিস্ট্রি করে লিখুন। আপনার মঙ্গল কামনায়।

মোঃ জাহাঙ্গীর হোসাইন, জীবন বীমা কর্পোরেশন, ঝালকাঠি শাখা- ৪১৮ আড়ৎদার পট্টি রোড, ঝালকাঠি

সাড়া দিন

২৩টি বসন্ত পেরিয়ে নিঃসঙ্গ আমি। আমার নিঃসঙ্গ জীবনের অবসানে এমন কাউকে খুঁজি যে হবে আমার বোধের অংশীদার, যার চোখ দেবে কর্মে প্রবর্তনা, যার মুখ চেয়ে জীবনকে আগলাবো, যার হাত ধরে শিল্পে সাহস পাবো। এমনি আহ্বানে সাড়া দেবার কেউ থাকলে লিখুন।

ধ্রুব, ২২৩, ছাত্র হল, খুলনা বিশ্ববিদ্যালয়

সীমাহীন

হঠাৎ করেই অনুভব করছি নিজের সীমাহীন নিঃসঙ্গতা। এগিয়ে দিতে চাই বন্ধুত্বের হাত, যেখানে থাকবে অকৃত্রিম বন্ধুত্বের শতভাগ নিশ্চয়তা। আছেন কি এমন কেউ, যিনি হবেন খুব সাধারণ পরিবারের। যে কেউ লিখতে পারেন বন্ধুত্বের দাবিতে।

শাহেদ ৪১, জগন্নাথ হল, ঢাকা বিশ্ববিদ্যালয়

বিমূর্ত এই রাত্রি

শরীরে ধবধবে সাদা চাদর জড়িয়ে, কুয়াশার পাহাড় ঠেলে তুমি আমার পানে আসছো। আবার হঠাৎ থেমে গেলে। আমি তোমাকে হাতছানি দিয়ে ডাকছি। তুমি ইশারায় বুঝিয়ে দিলে কাছে আসবে না। আমি এক পা, দু'পা করে তোমার খুব কাছাকাছি চলে গেলাম। হঠাৎ এক পশলা বৃষ্টি এসে তোমাকে আমাকে ভিজিয়ে দিয়ে গেল। শরীরের সঙ্গে মিশে একাকার হয়ে গেল ভেজা চাদর।

গোলাম ছারওয়ার, ১৬ নং নারিন্দা রোড, সূত্রাপুর, ঢাকা

কোথায় পাবো তারে

আমি হৃদয়ের কথা বলিতে ব্যাকুল, তাই হৃদয়ের জানালা খুলে বসে আছি চব্বিশটি বসন্তের তাজা গোলাপ হাতে নিয়ে। কেউ কি নেই আমার শূন্য হৃদয় পূর্ণ করার। মিতালীতে আগ্রহী, বন্ধুত্বে বিশ্বাসী, পরিণামে জীবন সাথী। বড়ুয়া সম্প্রদায়ের স্কুল ও কলেজের যে কেউ লিখতে পারেন। প্রতি উত্তর পাবেন নিশ্চিত। ইমিগ্রেন্ট- স্পেন, বসবাস-ফ্রান্স

Babul Barua, C/0-Suman Priya Barua 36, Bis Rue Henri Barbusse 92110-Clichy, France

প্রেম আসে

শুনেছি মানুষের জীবনে একবার হলেও প্রেম আসে। এই বিশ্বাসটা কখনও মনের মাঝে স্থাপন করতে পারিনি। তার কারণ হলো কলেজ জীবনের দ্বারপ্রান্তে এসেও আমি নিঃসঙ্গ। তাই এই নিঃসঙ্গতা দূর করতে কেউ কি আমার পাশে দাঁড়াবে?

মামুন, প্রযত্নে : শেফায়েত উল্লাহ্ (স্যার) পো : এলাহীগঞ্জ, থানা+জেলা : ফেনী

কে আমি

একাকী নিঃসঙ্গ বন্ধু হারা আমি। মনের অবস্থা খুবই খারাপ। কিন্তু এই ছোট্ট মনের চাওয়া হলো একজন ভালো বন্ধু পাওয়া। সভ্যতা, সততা আর আন্তরিকতার খুব সংকট চলছে। তাই আমি আমার প্রিয় সাপ্তাহিক ২০০০-এর মাধ্যমে হাজারো মানুষের ভিড়ে আমার সেই কাঙ্ক্ষিত ভালো বন্ধুটি চাই। কারো মনে হয়তো প্রশ্ন জাগতে পারে কে আমি? ঝামেলামুক্ত এক মধ্যবিত্ত পরিবারের সন্তান। বয়স ২৪, এইচএসসি পাস। ইটালি যাওয়ার ইচ্ছায় কিছু হাতের কাজ শিখছি।

মোহাম্মদ শহীদুল হক (শহীদ), প্রযত্নে ঃ লুৎফুল হক, ভুঁঞা বাড়ি, পূর্ব হিঙ্গুলী মীরসরাই, চট্টগ্রাম